# বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন

চিনিশিল্প ভবন, ৩ দিলকুশা বাণিজ্যিক এলাকা,ঢাকা-১০০০।

**BANGLADESH SUGAR & FOOD INDUSTRIES CORPORATION**

HEAD OFFICE : CHINISHILPA BHABAN, 3, DILKUSHA C/A, DHAKA-1000.

**www.bsfic.gov.bd**


নম্বর : ৩৬.০৪.০০০০.০১৩.৫১.০০১.১৮. ২৭

তারিখ: ২৮-০৪-২০২৫ খ্রি.

## বিজ্ঞপ্তি

বিএসএফআইসি সদর দপ্তর, ঢাকা ও শিপিং অফিস, চট্টগ্রামে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের নিকট থেকে তাদের উপর নির্ভরশীল স্কুল, কলেজ, মাদ্রাসা, বিশ্ববিদ্যালয় ও কারিগরী শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত মেধাবী সন্তানদেরকে চলতি অর্থবছরে এককালীন বৃত্তি বিবেচনার্থে প্রচলিত নিয়মে করপোরেশনের নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে। ০৯-০৫-২০১৮ খ্রি. তারিখের করপোরেশন বোর্ডের ২৩৫৪ তম সভার সিদ্ধান্তক্রমে এ বৃত্তি সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীদের মেধাবী সন্তানদের জন্য প্রযোজ্য হবে।

১ম শ্রেণি থেকে ১০ম শ্রেণিতে অধ্যয়নরত ছেলে/মেয়েদের ক্ষেত্রে ২০২৪ সালের সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের বার্ষিক/চূড়ান্ত পরীক্ষার ফলাফলের ভিত্তিতে মেধানুযায়ী এককালীন বৃত্তি এবং কলেজ/বিশ্ববিদ্যালয় পর্যায়ে অধ্যয়নরত ছেলে/মেয়েদের জন্য পূর্ববর্তী বৎসরের (২০২৪ সালে অনুষ্ঠিত) বার্ষিক/সাময়িক/সেমিস্টার/চূড়ান্ত পরীক্ষার ফলাফলের ভিত্তিতে মেধানুযায়ী বৃত্তি প্রদানের জন্য বিবেচনা করা হবে।

ক) আবেদন করার ন্যূনতম যোগ্যতা হিসেবে নিম্নোক্তভাবে নম্বর নির্ধারণ করা হলো:

(১) স্কুল ও কলেজ/সমমান পর্যায় (১ম শ্রেণি হতে দ্বাদশ শ্রেণি পর্যন্ত)= জিপিএ ৪.০০ অর্থাৎ ন্যূনতম গ্রেড 'A'।

(২) স্নাতক ও স্নাতকোত্তর/সমমান পর্যায় = জিপিএ ৩.০০ অর্থাৎ ন্যূনতম গ্রেড 'B'।

খ) আবেদন পত্রের সাথে নিম্নোক্ত তথ্যাদি/রেকর্ডপত্র দাখিল করতে হবে:

(১) সকল শ্রেণির/স্তরের ২০২৪ সালের বার্ষিক/চূড়ান্ত/সেমিস্টার পরীক্ষায় উত্তীর্ণের সার্টিফিকেট/টেস্টিমোনিয়াল এবং মার্কশীট এর সত্যায়িত কপি।

(২) সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে নিয়মিত ছাত্র/ছাত্রী হিসেবে অধ্যয়নের প্রত্যয়নপত্র (শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানের মোবাইল/ ফোন নম্বরসহ) অথবা অধ্যয়নের যে কোন প্রমাণক (যেমন: বেতন রশিদ, ভর্তি রশিদ, অনলাইন তালিকাভুক্তি ইত্যাদি)।

(৩) সংশ্লিষ্ট ছাত্র/ছাত্রীর জন্ম নিবন্ধন সনদপত্র/ জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি ।

(৪) আবেদনকারী সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীর অধ্যয়নরত সন্তান এর ১(এক) কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।

গ) উল্লিখিত তথ্যাদি/রেকর্ডপত্রসহ সংস্থার নির্ধারিত ফরমে ২৫-০৫-২০২৫ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন করপোরেশনের ইআর উপবিভাগে আবেদনপত্র দাখিল করতে হবে ।

ঘ) সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীগণ সর্বোচ্চ ২ (দুই) সন্তানদের জন্য আবেদন করতে পারবেন ।

ঙ) আবেদন ফরম সংস্থার ওয়েব সাইট/প্রত্যেক কার্যদিবসে অফিস চলাকালীন ইআর উপবিভাগ থেকে সংগ্রহ করা যাবে।

চ) কারো আবেদনে তথ্য জালিয়াতির প্রমাণ পাওয়া গেলে তার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

২৮/০৪/২০২৫

(খুরশীদ জাহান মাফরুহা)
মহাব্যবস্থাপক (ইআর)

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। চেয়ারম্যান (গ্রেড-১), মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা [ ব্যবস্থাপক (সমন্বয়)], বিএসএফআইসি, ঢাকা ।
২। পরিচালক ( ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বিএসএফআইসি, ঢাকা ।
৩। সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা [ব্যবস্থাপক (সমন্বয়)], বিএসএফআইসি, ঢাকা ।
৪। সিওপি মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বিএসএফআইসি, ঢাকা ।
৫। সকল প্রধান ( ), বিএসএফআইসি, ঢাকা ।
৬। হিসাব নিয়ন্ত্রক, বিএসএফআইসি, ঢাকা ।
৭। মহাব্যবস্থাপক (প্রশাসন), বিএসএফআইসি, ঢাকা ।
৮। মহাব্যবস্থাপক (সংস্থাপন), বিএসএফআইসি, ঢাকা ।
৯। মহাব্যবস্থাপক (শিপিং ), বিএসএফআইসি শিপিং অফিস, ৬৮ আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম ।
১০। ইনচার্জ, শেখ মোজতবা এন্ড কোং, ৪৬ ইমামগঞ্জ, ঢাকা ।
১১। সভাপতি/সাধারণ সম্পাদক, অফিসার্স অ্যাসোসিয়েশন, বিএসএফআইসি, ঢাকা।
১২। নোটিশ ।
১৩। অফিস কপি।

সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

# বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন

চিনিশিল্প ভবন, ৩ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

সদর দপ্তর ও শিপিং অফিসে কর্মরত কর্মকর্তা-কর্মচারীর মেধাবী সন্তানদের বৃত্তি মঞ্জুরির আবেদনপত্র।

| | | | |
|---|---|---|---|
| ১। | আবেদনকারী কর্মকর্তা-কর্মচারীর নাম | : | |
| ২। | পদবি ও স্টাফ নং | : | |
| ৩। | বিভাগ/শাখা | : | |
| ৪। | চাকুরিতে যোগদানের তারিখ | : | |
| ৫। | সদর দপ্তরে সর্বশেষ যোগদানের তারিখ | : | |
| ৬। | সন্তানের নাম | : | |
| ৭। | সন্তানের জন্ম তারিখ | : | |
| ৮। | বর্তমানে অধ্যয়নরত স্কুল/কলেজ/ বিশ্ববিদ্যালয় এর নাম | : | |
| ৯। | ছাত্র/ছাত্রী কোন শ্রেণি/বর্ষ/পর্বে অধ্যয়নরত | : | |
| ১০। | বার্ষিক/চূড়ান্ত/সেমিস্টার পরীক্ষায় প্রাপ্ত জিপিএ/গ্রেড | : | |
| ১১। | বার্ষিক/চূড়ান্ত/সেমিস্টার পরীক্ষায় প্রাপ্ত নম্বর এবং উহার শতকরা হার (%) ( প্রযোজ্য ক্ষেত্রে ) | : | পরীক্ষার মোট নম্বর -<br>প্রাপ্ত নম্বর -<br>প্রাপ্ত নম্বরের শতকরা হার (%) - |
| ১২। | অধ্যয়নরত বিষয়ের নাম স্নাতক/স্নাতকোত্তর এর ক্ষেত্রে প্রযোজ্য) | : | |

**নিম্নোক্ত রেকর্ডপত্র/তথ্যাদি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে :**

ক) ২০২৪ সালের বার্ষিক/চূড়ান্ত/সেমিস্টার পরীক্ষা পাশের সার্টিফিকেট/টেস্টিমোনিয়াল এবং মার্কশীটের সত্যায়িত কপি;

খ) সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে নিয়মিত ছাত্র/ছাত্রী হিসেবে অধ্যয়নের প্রত্যয়নপত্র (শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানের মোবাইল/ফোন নম্বরসহ) অথবা অধ্যয়নের যে কোন প্রমাণক (যেমন: বেতন রশিদ, ভর্তি রশিদ, অনলাইন তালিকাভুক্তি ইত্যাদি);

গ) সংশ্লিষ্ট ছাত্র/ছাত্রীর জন্ম নিবন্ধন সনদ/জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি;

ঘ) আবেদনকারী সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীর অধ্যয়নরত সন্তান এর ১ (এক) কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।

বিভাগীয়/শাখা প্রধানের স্বাক্ষর
(নামযুক্ত সীল )

(আবেদনকারীর স্বাক্ষর)
তারিখঃ